



ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

ISO 9001:2015 CERTIFIED

ফোনঃ ৭৭৬৫২৪২ (অফিস), ৭৭৬৫২৪৩ (বাসা)
৭৭৬৫২৪৪ (ফ্যাক্স), ৭৭৬৫২৪৫ (অভিযোগ কেন্দ্র)
ওয়েবসাইটঃ www.dhakapbs2.org.bd
ই-মেইলঃ dhakapbs2@gmail.com
info@dhakapbs2.org.bd

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫১৭.০৩.০১৮.১৭. ৬৫৭২


তারিখঃ ২৭ কার্তিক' ১৪২৪ বঙ্গাব্দ
১১ নভেম্বর, ২০১৭ খ্রীষ্টাব্দ

ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণের সংশোধনী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী শিক্ষিত ও বেকার যুবক/যুবমহিলাদের নিকট হইতে অত্র সমিতির সদর দপ্তরে অনুষ্ঠিতব্য ১৫ (পনের) দিনের “বেসিক কনজুমার ওয়্যারিং প্রশিক্ষণ কোর্স” এ অংশ গ্রহণের উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রশিক্ষণ শেষে পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুষ্ঠিতব্য চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ সাপেক্ষে সমিতির গ্রাহকদের হাউজ ওয়্যারিং কাজ করার এক বৎসরের জন্য অনুমতি প্রদান করা হইবে। পরবর্তীতে তাহার কাজের দক্ষতা, সততা, নিষ্ঠা এবং আচরণের উপর ভিত্তি করিয়া প্রতি বৎসর ঐ অনুমতি পত্র নবায়ন করা হইবে। এ কাজের জন্য সমিতি কর্তৃক কোন বেতন বা ভাতা প্রদান করা হইবে না।

শর্তাবলীঃ

- ১১ প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস.এস.সি পাশ হইতে হইবে।
- ২১ আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, জাতীয়তা উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট হইতে নাগরিকত্ব (মূলকপি) ও চারিত্রিক প্রশংসাপত্র (মূলকপি), জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন সত্যায়িত ফটো এবং সকল সনদের সত্যায়িত ফটোকপি সহ নিজ হাতে লিখিত আবেদন পত্র আগামী ১৮/১১/২০১৭ খ্রিঃ তারিখ ৪.০০ ঘটিকার মধ্যে জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, নবাবগঞ্জ, ঢাকা ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি উপস্থিত হইয়া পৌছাইতে হবে।
- ৩১ প্রশিক্ষণার্থীর বয়স আগামী ১৮/১১/২০১৭ খ্রিঃ তারিখ কমপক্ষে ১৮ (আঠার) বছর হইতে হইবে।
- ৪১ আগামী ২০/১১/২০১৭ ইং তারিখে রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় নির্বাচনী স্বাক্ষাৎকারের জন্য সদর দপ্তর ঢাকা পবিস-২, পানালিয়া, নবাবগঞ্জ, এ উপস্থিত হতে হবে।
- ৫১ আগ্রহী প্রার্থীগণের মধ্য হইতে প্যানেল তৈরী পূর্বক প্রশিক্ষণ অংশ গ্রহণের সুযোগ দেওয়া হইবে।
- ৬১ প্রশিক্ষণার্থীগণ থাকা ও খাওয়া সহ সম্পূর্ণ নিজ খরচে প্রশিক্ষণে অংশ গ্রহণ করিবেন। সমিতি কর্তৃক কোনরূপ ভাতাদি প্রদান করা হইবে না।
- ৭১ নির্দিষ্ট তারিখের পরে কিংবা অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া বিবেচিত হইবে।
- ৮১ প্রতি প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০ (চার হাজার) টাকা জমা প্রদান করতে হবে।
- ৯১ কর্তৃপক্ষ উল্লেখিত প্রশিক্ষণ কোর্স প্রয়োজনে স্থগিত/আংশিক পরিবর্তন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(প্রকৌশলী মোঃ আলমগীর)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, ঢাকা।
- ০২। এসপি, পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা,----- ঢাকা।
- ০৪। ডিজিএম, দোহার জোনাল অফিস, ঢাকা পবিস-২।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবাবগঞ্জ/দোহার থানা।
- ০৬। এজিএম, বান্দুরা সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-২।
- ০৭। অধ্যক্ষ,----- কলেজ।
- ০৮। প্রধান শিক্ষক,-----।
- ০৯। চেয়ারম্যান-----ইউনিয়ন পরিষদ।
- ১০। ইনচার্জ,----- এরিয়া অফিস, ঢাকা পবিস-২।
- ১১। অফিস/মাষ্টার কপি।

আপনার বহুল প্রচারিত নোটিশ বোর্ডের
প্রকাশের অনুরোধ সহ।

(মোঃ মমিনুল ইসলাম)
এজিএম (এমএস)